দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JUN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

252

# ক্যাম্পাস পরিস্থিতি বনাম ডাকসু নির্বাচনের তারিখ

(ইত্তেফাক রিপোর্ট)

ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতির কারণে ডাকসু নির্বাচন পূর্ব ঘোষিত তারিখ অনুযায়ী ১৮ই জুলাই অনুষ্ঠিত হইতেছে না।

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## ক্যাম্পাস পরিস্থিতি

(১ম পৃ: পর)

একটি সূত্র জানায়, ২০শে জুন হইতে ৩০শে জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ থাকিবে। এই সময়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্ম চলিবে না। ইহাছাড়া বিগত ১ মাস ধরিয়া ক্যাম্পাসে সন্ত্রাসী কর্মকাণ্ড অব্যাহত থাকায় ১৮ই জুন ডাকসু নির্বাচন করার ব্যাপারে প্রস্তুতি নেওয়া সম্ভব হয় নাই। সূত্রটি জানায়, পরিস্থিতি ভাল থাকিলে জুলাইয়ের শেষ সপ্তাহে অথবা আগষ্টের প্রথম সপ্তাহে ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হইবে। একটি সূত্র অবশ্য নিশ্চিত করিয়া বলিয়াছে, ২৫শে জুলাই ডাকসু নির্বাচনের তারিখ পুন: নির্ধারণ করা হইয়াছে।